# দিঘলিয়া উপজেলা পরিষদের মে/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১২)

সভাপতি : আরিফুল ইসলাম
প্রশাসক,
উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৬ মে ২০২৫,

সময় : দুপুর ১২:৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত এপ্রিল/২০২৫, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | এপ্রিল/২০২৫ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: এপ্রিল/২০২৫ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- /-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, আসন্ন ঈদ-উল আযহা উপলক্ষ্যে নিরাপদ মাংস উৎপাদনের জন্য স্টেকহোল্ডারদের নিয়ে মত বিনিময় সভা করা হয়। এছাড়া সামনে ঈদুল আযহা উপলক্ষ্যে স্থায়ী ও অস্থায়ী হাটসহ মোট ০৪ (চার) টি ভেটেরিনারি মেডিকেল টিম গঠনপূর্বক দায়িত্ব বন্টন করা হয়েছে। ৪ (চার) টি হাটে ০৪ টি ভেটেরিনারি মেডিকেল টিম হাট চলাকালীন সময়ে দায়িত্ব পালন করবে। কোরবানীর হাটে আনিত পশুর চিকিৎসা কাজে এই টিম দায়িত্ব পালন করে যাবে। উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা হাট চলাকালীন উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, রাজনৈতিক নেতৃত্ববৃন্দ ও হাট কমিটির সহযোগীতা মোট ৮০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রকল্পের ১০ জন খামারীকে ৩০৫ | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নীতিমালা অনুসরণপূর্বক দাপ্তরিক কাজ পরিচালনাসহ ঈদুল আযহা উপলক্ষে অস্থায়ী ০৪ (চার) টি পশুর হাটে ০৪ (চার) টি ভেটেরিনারি মেডিকেল টিম হাট চলাকালীন সর্বক্ষনিক উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কেজি মুরগী ও হাসেঁর খাবার বিতরণ করা হয়েছে। নিরাপদ প্রণিজ আমিষের চাহিদা পুরণে প্রাণিসম্পদ দপ্তরে কাজ চলমান | | |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, সারা বাংলাদেশে ডেঙ্গু রোগের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন দিঘলিয়া উপজেলায় এপর্যন্ত ১১৫ জন ডেঙ্গু রোগী সনাক্ত করা হয়েছে। তিনি আরো বলেন ডেঙ্গু মশার প্রজনন স্থান সনাক্ত করে সেখানে আমাদের সকলকে পরিস্কার পরিচ্ছন্ন রাখার পরামর্শ প্রদান করেন। তিনি আরো জানান যে, প্রচন্ড গরমে হিট ষ্টক হতে পারে সে জন্য তিনি সকলকে সাবধানতার সাথে চলা ফিরা এবং বাহিরে বের হওয়ার ব্যপারে সতরর্কতার সাথে চলা ফেরার কথা বলেন। তিনি বলেন বর্তমানে বর্জপাতের ব্যাপকতা দেখা দিয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ডেংঙ্গু মশার উপকরণ রোধ কল্পে সকল ইউপি চেয়ারম্যানগণকে তাদের নিজ নিজ ইউনিয়নে মাকিং এর মাধ্যমে সতর্কতা সৃষ্টির করাসহ ডেঙ্গু মশার প্রজনন স্থানগুলো পরিস্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা দপ্তর | উপজেলা একাডেমিক সুপারভাইজার জানান যে, সকল কেন্দ্রের এসএসসি পরীক্ষা/২০২৫ উপজেলা প্রশাসনের সহযোগিতাই সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় এবং আগামী ২৪ শে জুন হতে সকল মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় অর্ধবার্ষিক পরীক্ষা শুরু হতে যাচ্ছে। তিনি আরো বলেন আগামী ২৬শে জুন থেকে এইচসসি পরীক্ষা/২০২৫ শুরু হতে যাচ্ছে, অত্র উপজেলার পরীক্ষা কেন্দ্র-০২ টি এবং উপকেন্দ্রে-০১ টি, পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ২৪ শে জুন হতে সকল মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসা মাদ্রাসায় অর্ধবার্ষিক পরীক্ষা শুরু হতে যাচ্ছে এবং আগামী ২৬ শে জুন থেকে এইচসসি পরীক্ষ/২০২৫ শুরু হতে যাচ্ছে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি অফিসার জানান যে, মে/২০২৫ মাসে প্রায় ৩০০ জন কৃষককে পোকা-মাকড় (বালাই) এর আগাম সতর্ক করা ও উন্নত কৃষি প্রযুক্তি বিষয় হাতে কলমে প্রশিক্ষণ দেওয়া হয়। খরিপ-১ মৌসুমে/২০২৪-২৫ অর্থ বছরে কৃষি প্রণোদনার আওতায় কৃষকদের মাঝে ৫০ বিঘায় উফশী আউশ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে এবং ৫৫০ বিঘায় রোপা আমন বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হবে। অত্র উপজেলায় নতুন জাতের ব্রি হাইব্রিড ৭ উফশী আউশ জাতের সম্প্রসারণ করার জন্য ব্রি, গাজীপুর হতে বীজ সংগ্রহ করে কৃষকের হাতে দেওয়া হয়েছে। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উন্নত কৃষি প্রযুক্তি বিষয় হাতে কলমে প্রশিক্ষণ প্রদান ও খরিপ-১ মৌসুমে/২০২৪-২৫ অর্থ কৃষি প্রণোদনার কৃষক/কৃষানীদের মাঝে ব্রি হাইব্রিড জাতের ধান বিতরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য অফিসার জানান যে, সমুদ্র গামী জেলেদের চাউল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। তিনি বলেন সেনহাটি ইউনিয়নের সমুদ্র গামীর জেলের সংখ্যা ৪ জন এবং গাজীরহাট ইউনিয়নে সমুদ্রগামী জেলের সংখ্যা ৫ জন এদের প্রথম কিস্তির চাউল বিতরণ সম্পন্ন হয়েছে এবং ২য় পযার্য়ের চাউল ঈদের আগে বিতরণ করা হবে। তিনি আরো বলেন ২০২৪-২৫ অর্থবছরে ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় জেলেদের বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে অনুমোদিত ৩২ (বত্রিশ) | সভায় বিস্তারিত আলোচনান্তে সমুদ্র গামী জেলেদের মাঝে সঠিক ভাবে চাউল বিতরণ করাসহ ২০২৪-২৫ অর্থবছরে জেলেদের বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যে অনুমোদিত ৩২ (বত্রিশ) জন সুফলভোগী জেলেদের মাঝে | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন সুফলভোগী জেলেদের মাঝে বকনা বাছুর বিতরণ এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বকনা বাছুর বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। । | |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যেমাত্রা অনুযায়ী যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত মোট ১৪ টি ব্যাচে ৪২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি জারি হয়েছে এবং বিজ্ঞপ্তি মোতাবেক বিভিন্ন ট্রেডে যুবরা প্রশিক্ষণে অংশগ্রহণ করছে। যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রাপ্ত আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুব ও যুব মহিলাদের মাঝে ৩,৫০,০০০/- টাকার যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে। চলমান ঋণ আদায় শত ভাগ, তবে খেলাপী ঋণ আদায়ের জন্য জোর প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অব্যহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উচ্চতার গ্রেড মঞ্জুর সম্পর্কিত আলোচনা। | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদে কর্মরত দুই জন অফিস সহায়ক জনাব আব্দুল হাকিম মল্লিক, জনাব মোঃ হাফিজুর রহমান এর চাকুরীকাল আগামী ১৫/০৫/২০২৫ খ্রি: তারিখে সন্তোষজনকভাবে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় পরবর্তী (২০ তম গ্রেড হতে ১৯ তম গ্রেডে) উচ্চতর গ্রেড প্রাপ্তির জন্য আবেদন দাখিল করেছেন। উক্ত দাখিলকৃত আবেদনটি সভায় উপস্থাপন করা হয়। আবেদনটি মঞ্জুর করে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে কর্মরত দুই জন অফিস সহায়ক জনাব আব্দুল হাকিম মল্লিক, ও জনাব মোঃ হাফিজুর রহমান এর চাকুরী সন্তোষজনকভাবে ১০ (দশ) বছর পূর্ণ হওয়ায় পরবর্তী (২০ তম গ্রেড হতে ১৯ তম গ্রেডে) উচ্চতর গ্রেড প্রাপ্তির আবেদনখানা মঞ্জুর পূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা বন দপ্তর | উপজেলা বন কর্মকর্তা জানান যে, বাগেরহাট কর্তৃক রোপিত দিঘলিয়া উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের পার্শ্বে ২টি মেহগনি ও ১ টি গামার গাছ প্রাকৃতিক দুর্যোগে পাকা রাস্তার উপর হেলে পড়েছে। গাছগুলি দ্রুত অপসারনের জন্য স্থানীয় জনপ্রতিনিধি, জনসাধারণ ও উক্ত বাগানের উপকারভোগী আবেদন করেছে। ইতিপূর্বে উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি মে/২৫ মাসের সভার সিদ্ধান্ত অনুযায়ী জনস্বার্থে গাছগুলি দ্রুত অপসারণ করে উপকারভোগীদের জিম্মায় প্রদান করার জন্য আলোচনা করা হয়। | সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে চলাচল ও জানমালের নিরাপত্তার স্বার্থে গাছ গুলি দ্রুত অপসারণ করে, উক্ত বাগানের উপকারভোগীদের জিম্মায় প্রদান দ্রুত অপসারন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন ও উপজেলা ফরেস্ট অফিসার, দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আওতাধীন ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকের মধ্যে অধিকাংশই মহিলা শিক্ষক। তাছাড়া কর্মরত ০২জন মহিলা সহকারী উপজেলা শিক্ষা অফিসার আছেন যারা প্রতিমাসে বিভিন্ন বিষয়ে শিক্ষকদের সমন্বয়ে সভা করতে হয়। তাদের জন্য পৃথক কোন ওয়াশব্লক নেই। তাছাড়া ক্রমিক নম্বর ০২ থেকে ৫ নম্বর পর্যন্ত বিষয়গুলি নিয়ে ধারাবাহিক আলোচনা করেন, যথা: ৫নং পানিগাতী সঃ প্রাঃ বিদ্যালয়ের ভবন ও ওয়াশব্লক নির্মাণ কাজ ধীর গতিতে চলছে। ৩৫নং পদ্মবিলা মুসলিমডাঙ্গা এবং ৪৮নং মোমিনপুর শেখ সুলতান সঃ প্রাঃ বিদ্যালয়ের ওয়াশব্লক নির্মাণকাজ ৩/৪ মাস যাবত বন্ধ আছে। সভায় উক্ত বিষয়গুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কাজ পরিচালনাসহ নির্মাণাধীন বিদ্যালয় ও ওয়াশব্লক নির্মাণ কাজগুলি যাতে প্রাক্কলন অনুযায়ী দ্রুত বাস্তবায়ন এবং বন্ধ কাজটি বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে আলোচনা করে কাজ সম্পন্ন করার বিষয় উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১২ | উপজেলা প্রকৌশলী দপ্তর | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) (খ) উপজেলা উন্নয়ন তহবিল (ইউ.ডি এফ) প্রকল্পের আওতায় অনুমোদিত সকল প্রকল্প কমিটি ও টেন্ডারের মাধ্যমে প্রকল্পসমূহের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট কাজ প্রায় সমাপ্তির পথে।<br>সভায় উপজেলা প্রকৌশলী আরো জানান যে, এডিপি ও ইউডিএফ প্রকল্পের টেন্ডারের ৫% নিম্নদরে হওয়ায় সাশ্রয়কৃত ৫,৬৭,৯৫৮ টাকায় উপজেলা নির্বাহী অফিসারের মতামতের ভিত্তিতে (ক)পুরাতন দিঘলিয়া ইউনিয়ন পরিষদ সংলগ্ন কাবাডি অফিস রুম নির্মাণ প্রাক্কলন= ৩,১২,২৭৬/- (তিন লক্ষ বার হাজার দুই শত ছিয়াত্তর ) টাকা ও (খ) দিঘলিয়া উপজেলা পরিষদের প্রাথমিক শিক্ষা অফিসের কক্ষ সংযুক্ত টয়লেট নির্মাণ প্রাক্কলন =২,৫৫,৬৮২/- (দুই লক্ষ পঞ্চান্ন হাজার ছয় শত বিরাশি) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যা অনুমোদন এবং কোন পদ্ধতিতে বাস্তবায়ন করা যেতে পারে তার সিদ্ধান্ত প্রযোজন। | **বিস্তারিত আলোচনান্তে** চলতি অর্থবছরের মধ্যে প্রকল্প কমিটি ও টেন্ডারের মাধ্যমে অনুমোদিত সকল প্রকল্পগুলি যথাসময়ের মধ্যে সমাপ্ত করার **সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।**<br>সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত প্রকল্প ২টির প্রাক্কলন অনুমোদনসহ ১টি প্যাকেজে R F Q পদ্ধতি অবলম্বনের মাধ্যমে কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, মে/২০২৫ এ মাসিক আদায় ৭,৫২,২৭০/-(সাত লক্ষ বায়ান্ন হাজার দুই শত সত্তর) টাকা এছাড়া অনাদায়ী অর্থ আদায়ের জন্য বারাকপুর ইউনিয়ে ১ম নোটিশ করা হয়। পূর্বে যে প্রকল্পে অনাদায়ী অর্থ আদায়ের নোটিশ করা হয়েছিল সে প্রকল্প হতে কিছু টাকা আদায় হয়েছে। বাকী অনাদায়ী অর্থ আদায়ের জন্য ২য় নোটিশ করা হয়েছে। ২। ২০২৪-২৫ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কমিটির আওতায় জুন/২০২৫ পর্যন্ত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় মোট ১৩,৮৬৯/- (তের হাজার আট শত উনসত্তর) জন ভাতাভোগীর ৪র্থ কিস্তি পে-রোল দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনাসহ বকেয়া ঋন আদায়ের ক্ষেত্রে নোটিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলান। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জনান যে, ২৭/০৫/২০২৫খ্রি. কর্যক্রম বিবরণ মন্তব্য ০১ ভিডব্লিউবি কর্মসূচী ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের আবেদন সম্পন্ন হয়েছে। যাচাই বাছাই এর কাজ প্রক্রিয়াধীন। ০২ মা ও শিশু কার্যক্রম মা ও শিশু সহায়তা কর্মসূচীর এপ্রিল হতে জুন পর্যন্ত নির্বাচনের কাজ চলমান আছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরের ইউনিয়ন পর্যায়ে ভাতাভোগীদের প্রশিক্ষণ চলমান আছে। ০৩ কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। ০৪ উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ সেল মে'২০২৫ খ্রি. মাসে নারী নির্যাতন প্রতিরোধ সেলে কোন অভিযোগ নাই। ০৫ সচেতনতা কার্যক্রম মে'২০২৫ খ্রি. মাসে ০২টি উঠান বৈঠক করা হয়েছে। ০৫ জন অসহায় মহিলাকে কাউন্সিলিং প্রদান করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য দপ্তর | সভায় উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জন-স্বাস্থ্য অফিসার জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে PSWSC প্রকল্পের আওতায় অত্র উপজেলায় গভীর নলকূপ স্থাপনের জন্য ৭২ টি বরাদ্দ পাওয়া যায়। বিগত অর্থ বছরে PSWSC প্রকল্পের আওতায় ৩১ টি গভীর নলকূপ স্থাপনের অসমাপ্ত ছিলো। উক্ত বরাদ্দের অনুকূলে স্থান তালিকা প্রাপ্তি সাপেক্ষে ইতিমধ্যেই কাজ শুরু করা হয়েছে। এছাড়াও প্রাথমিক বিদ্যালয়ে ০৩ টি Wash Block এর নির্মান কাজ চলমান রয়েছে। যার মধ্যে ২টি বিদ্যালয়ে কাজ বেশকিছুদিন যাবৎ বন্ধ আছে। সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে যোগাযোগ করা হলে তিনি দ্রুতই Wash Block এর অসমাপ্ত কাজ শুরু করবেন বলে জানিয়েছেন। সদস্য সচিব সভাকে আরও জানান যে, অত্র উপজেলায় জনস্বাস্থ্য, স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হলে অবশ্যই নলকূপ স্থাপনের ক্ষেত্রে সেপ্টিক ট্যাংক/সোকওয়েল হতে নূন্যতম ১০ মিটার বা ৩০ ফুট দূরে নলকূপ স্থাপনের জন্য স্থান নির্বাচন করতে হবে এবং সরকারের পরিকল্পনা অনুযায়ী একটি নলকূপ হতে অন্তত পার্শ্ববর্তী ১০টি পরিবারকে নিরাপদ পানি সরবরাহের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে নলকূপ স্থাপনের জন্য স্থান নির্বাচন করতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনাসহ নীতিমালা অনুযায়ী প্রাপ্ত স্থান তালিকা মোতাবেক যথাযথ নিয়ম অনুযায়ী গভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, বোরো সংগ্রহ মৌসুমে/২০২৫ এ উপজেলার অনুকূলে ৩৭৭ মে: টন ধান সরাসরি কৃষকের কাছ থেকে ক্রয় করার জন্য লক্ষ্যমাত্রা ছিল এবং ১১৭০ মে:টন সিদ্দ চাল মিল মালিকের কাছ থেকে ক্রয় করার জন্য লক্ষ্যমাত্রা ছিল। যা নির্ধারিত সময়ের মধ্যে ফুলতলা খাদ্য গুদামের মাধ্যমে ক্রয় করা সম্পন্ন হবে। তিনি আরো জানান যে, ওএমএস ডিলার নিয়োগ প্রকৃয়াধীন রয়েছে। তিনি | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনাসহ ধান ক্রয় ও সিদ্দ চাউল ক্রয় এব কাজ দ্রুত গুদামজাত করনসহ ওএমএস ডিলার নিয়োগ কার্যক্রম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আরো বলেন কাবিখা খাত সহ ভিজিএফ ভিডাব্লিউবি ইত্যাদি খাতে বিলিবিতরন কাজ সম্পন্ন হয়েছে। | দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৭ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, তার দপ্তর হতে ২৮ দিন মেয়াদী (অস্ত্রসহ) ভিডিপি এ্যাডভ্যান্স প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। তিনি জানান আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংকের শেয়ার ক্রয়কৃত সদস্যদের লভ্যাংশ বিতরণের তথ্য ফর্ম চলছে। তিনি বলেন অঙ্গীভূত আনসার সদস্যদের বাৎসরিক ফায়ারিং অনুশীলন চলমান রয়েছে। তিনি বলেন আনসার সদস্যদের সতেজকরণ প্রশিক্ষণ এবং দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবকি ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি-বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার বিভিডিপি অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৮ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, ভিডব্লিউবি কার্যক্রম যাতে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করা হয়। সে জন্য তিনি সভাকে বিশেষভাবে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিডব্লিউবি কার্যক্রম নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষায়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আগামী অর্থবছর থেকে প্রতিটি ইউনিয়নে একটি বাজেট প্রদান করা হবে। তা হতে একটি করে দৃশ্যমান প্রকল্প গ্রহন করা হবে এবং সেটি যাচাই বাছাই অন্তে বাস্তবতার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। সভায় তিনি আরো বলেন ২০২৫-২৬ অর্থবছরের অর্থ বাজেট ও পরিকল্পনা সংক্রান্ত প্রস্তুতকৃত খসড়া বাজেট সম্পর্কে অবহিত করেন। সভায় বাজেট সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় বাজেট সম্পর্কে সম্মানীত সকল সদস্য সন্তোষ প্রকাশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রেরিত প্রকল্পের মধ্যে হতে প্রয়োজনীয়তার ভিত্তিতে দৃশ্যমান প্রকল্প গ্রহন করাসহ ২০২৫-২৬ অর্থবছরের খসড়া বাজেটটি বিবেচনা করে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |

এপ্রিল/ ২০২৫ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। জনাব লিয়াকত আলী খান, মালী এর এপ্রিল/২০২৫ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১২,১০০/-<br>০৪। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এর এপ্রিল/২৫ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১২,১০০/-<br>০৫। সালেহা বেগম, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের ১ টি আলমারি ক্রয় বাবদ=২৫,০০০/-<br>০৬। সালেহা বেগম, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের ১ টি আলমারি ক্রয় বাবদ=২৫,০০০/-/-<br>০৭। সালেহা বেগম, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের ২টি চেয়ার ক্রয় বাবদ=২৫,০০০/-<br>০৮। সালেহা বেগম, অফিস সহায়ক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের ২টি চেয়ার ক্রয় বাবদ=২৫,০০০/-<br>০৯। হাকিম মল্লিক, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলান এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের জন্য ৫ টি চেয়ার ক্রয় বিল বাবদ=২৫,০০০/- | ৪,১৭,০০৮/- |

| | |
|---|---|
| ১০। হাকিম মল্লিক, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলান এর নামে উপজেলা পরিষদের অফিস কক্ষের জন্য ৫ টি চেয়ার ক্রয় বিল বাবদ=২৫,০০০/- | |
| ১১। সুদীপ্ত ঘোষ, দিঘলিয়া, এর নামে উপজেলা পরিষদের অভ্যন্তরে সিসি ক্যামেরা মেরামত কাজের বিল বাবদ=২৫,০০০/- | |
| ১২। সুদীপ্ত ঘোষ, দিঘলিয়া, এর নামে উপজেলা পরিষদের অভ্যন্তরে সিসি ক্যামেরা মেরামত কাজের বিল বাবদ=২৫,০০০/- | |
| ১৩। সুদীপ্ত ঘোষ, দিঘলিয়া, এর নামে উপজেলা পরিষদের অভ্যন্তরে সিসি ক্যামেরা মেরামত কাজের বিল বাবদ=২৪,০০০/- | |
| ১৪। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের ০৪ টি বিদ্যুৎ বিল প্রদান বাবদ=৪১,৩৮২/- | |
| ১৫। জনাব মোঃ রাইছুল ইসলাম, সাঁটমুদ্রাক্ষারিক- কাম- কম্পিউটার অপারেটার, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর এপ্রিল/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৮৮৬/- | |
| ১৬। জনাব মিজানুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর এপ্রিল/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৭৫১/- | |
| ১৭। জনাব আব্দুল হাকিম মল্লিক, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর এপ্রিল/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/- | |
| ১৮। জনাব মোঃ হাফিজুর রহামন, অফিস সহায়ক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর এপ্রিল/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/- | |
| ১৯। আবু তারেক সাইফুল কামাল উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া খুলনা এর নামে ২৪-২৫ অর্থবছরের এডিপি ও উন্নয়ন তহবিলের দপরপত্র মূল্যায়ন কমিটির সম্মানী ভাতা বাবদ=৬৯,০০০/- | |
| ২০। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ দিঘলিয়া, খুলনা উপজেলা পরিষদের ০৪ টি মিটারের এপ্রিল/২৪ মাসের বিদ্যুৎ বিল বাবদ=১৭,০৮৭/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬.০৫.২৫

(আরিফুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৮২৬ তারিখ: ২৬.০৫.২০২৫

খ্রি:**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫। উপজেলা ..............................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৬। চেয়ারম্যান, ....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৭। জনাব ............................................. সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা আই.সি. টি কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৭.০৫.২৫

(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

CamScanner